

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

স্মার্ট ডিস্ট্রিক্ট ইনোভেশন চ্যালেঞ্জ-২৩ বাস্তবায়নে ইনোভেটিভ আইডিয়াসমূহ।

দিন দিন কৃষি জমি ও ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাচ্ছে অথচ মানুষের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সীমিত কৃষি জমিকে কাজে লাগিয়ে বর্ধিত জনগোষ্ঠীর মুখে খাবার তুলে দেয়ার নিরীক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর “এক ইঞ্চি জমিও যেন অনাবাদি না থাকে” এই স্লোগান কাজে লাগিয়ে উর্ধ্বমুখী কৃষি সম্প্রসারণ এখন সময়ের দাবী।

নারায়ণগঞ্জ সদরে শিল্পায়ন ও নগরায়নের ফলে কৃষি জমির পরিমাণ অনেক কমে গিয়েছে। শিল্পায়ন ও নগরায়নের ফলে বড় বড় দালান (৬-১০ তলা বিশিষ্ট) পরিমাণও বৃদ্ধি পেয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মাটিতে প্রতি ইঞ্চি জমি আবাদের আওতায় আনার পরিকল্পনা নিয়েছে। ফলশ্রুতিতে এই বড় বড় বিল্ডিংয়ে উর্ধ্বমুখী কৃষির কথা চিন্তা করছে। শিল্প প্রতিষ্ঠানের বর্জ্যের কারণে নদ নদী ও জলাশয়ের পানি দূষিত হচ্ছে। যা ফসল আবাদে সেচ প্রদানের অযোগ্য ফলে বৃষ্টির পানি ব্যবহার করে কৃষি সেচ দেয়ার পরিকল্পনা করা হয়।

ক্রঃ নং	ইনোভেটিভ আইডিয়ার নাম	ইনোভেটিভ আইডিয়ার বিবরণ	বাস্তবায়নের স্থান	ধরন	মন্তব্য
১	উর্ধ্বমুখী কৃষি	স্বল্প পরিসরে কৃষি কাজ করার জন্য উর্ধ্বমুখী কৃষি উত্তম পছন্দ। যা সাধারণত প্লাস্টিকের পাইপ, বোতল, বস্তা ও প্লাস্টিকের টব ব্যবহারে করে ফসল চাষ করা হয়। প্লাস্টিকের পাইপ, বোতল, বস্তা ও প্লাস্টিকের টব গোল গোল ফুটা করে মাটি ভরে ফুটোগুলোর মধ্যে শাকসবজি (টেমেটো, লালশাক, পালংশাক), মসলা (ধনিয়া, মরিচ, পেঁয়াজ) ও ফল (স্ট্রবেরী) ইত্যাদি চাষ করা যায়।	১। প্রতিষ্ঠানের বিল্ডিং এর দেয়াল ও ছাদে। ২। বসতবাড়ীর বিল্ডিং এর দেয়াল ও ছাদে।	দীর্ঘমেয়াদী	
২	কৃষি সংক্রান্ত এ্যাপস সমূহ	১। সার সংক্রান্ত এ্যাপস এর মাধ্যমে ফসলে সারের পরিমাণ নির্ধারণকরন। এ্যাপসে লোকাল লোকেশন এ্যাড করে সে স্থানের উপযোগী সারের পরিমাণ নির্ধারণ করতে হবে। এতে সারের পরিমিত ব্যবহার নিশ্চিত হবে। ২। ফসল উৎপাদন সংক্রান্ত এ্যাপস এ সকল ফসল চাষাবাদ পদ্ধতি থাকলে চাষীরা অনলাইন হতে সার, বীজ ও বালাইনাশকের পরিমাণ জানতে পারবে। ৩। অনলাইনে কৃষির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীর মোবাইল নাম্বার এডকরন। ফলে যে কোন সময়ে চাষীরা তাদের প্রয়োজন মাফিক পরামর্শ পেতে পারবে।	অনলাইন	দীর্ঘমেয়াদী	
৪	পানি দূষণ মুক্তকরন, জৈব বালাইনাশক ও জৈব সার ব্যবহার বৃদ্ধিকরন।	নদী ও পুকুরের পানি দূষণ মুক্ত রাখা ও কৃষিতে রাসায়নিক সার এবং কীটনাশকের ব্যবহার কমিয়ে জৈব সার ও জৈব বালাইনাশকের ব্যবহার বৃদ্ধি	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও ৭ টি ইউনিয়ন	দীর্ঘমেয়াদী	
৫	স্মার্ট ফার্মিং সিস্টেম	কৃষকেরা সেন্সর ডিভাইস সমূহ মাঠে স্থাপন করে মাটির আর্দ্রতা, নিউট্রিয়েন্ট কন্ডিশন, মাইক্রোক্লাইমেট নিজেই যাচাই করে তার করনীয় নির্ধারণ করতে পারবে। সোলার এনার্জি ব্যবহার বৃদ্ধি ও ড্রোন এর মাধ্যমে সার ও বালাইনাশক প্রয়োগ।	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও ৭ টি ইউনিয়ন	দীর্ঘমেয়াদী	
৬	হাইড্রোপনিক পদ্ধতি	জলাশয়ের উপরে প্লাস্টিক ও ককসীট দিয়ে তার উপর ফসল চাষ করা। এছাড়া ছাদে ড্রামে/চৌবাচ্চায় হাইড্রোপনিক পদ্ধতির মাধ্যমে ফসল চাষ করা যায়।	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও ৭ টি ইউনিয়নে জলাশয় ও ছাদ	মধ্য মেয়াদী	
৭	কৃষকদের স্মার্ট আইডি কার্ডের ব্যবস্থা করা	কৃষি বাতায়ন ওয়েবসাইটে কৃষকের তথ্য আপলোড করা নিশ্চিতকরণ যাতে সকল কৃষক আইডি কার্ড পায়।	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও ৭ টি ইউনিয়ন	মধ্য মেয়াদী	